



সর্বনাম পদ

- ১। যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ। ‘যতক্ষণ-ততক্ষণ’ পদ দুটি হল —
(খ) সম্বন্ধসূচক সর্বনাম
- ২। যে সর্বনাম পদের দ্বারা কোন ব্যক্তি বা বস্তুকে নিশ্চয় করে বোঝা যায় না তাকে বলে —
(গ) অনিশ্চয়সূচক
- ৩। কোন বইটা তোমার? রেখাঙ্কিত পদটি হল —
(ঘ) প্রশ্নসূচক
- ৪। ইনি আমার কাকা হন। রেখাঙ্কিত পদটি হল —
(ক) নির্দেশক সর্বনাম
- ৫। নিজের প্রয়োজনে বিমল নিজেই কাজটা করবে। ‘নিজেই’ পদটি হল —
(খ) আত্মবাচক
- ৬। আপনি অবশ্যই ভালো থাকবেন। ‘আপনি’ পদটি হল —
(গ) ব্যক্তিবাচক সর্বনাম
- ৭। সকলে মিলে কাজটি করলে কাজটি তাড়াতাড়ি শেষ হবে। রেখাঙ্কিত পদটি হল —
(ক) সাকল্যবাচক
- ৮। যাকে যাকে নির্বাচন করা হল তারা চলে এস। রেখাঙ্কিত পদটি হল —
(খ) সম্বন্ধসূচক
- ৯। কিছু একটা সন্দেহ করেই পুলিশ গ্রামে ঢুকেছে। ‘কিছু’ শব্দটি হল —
(ঘ) অনিশ্চয়সূচক সর্বনাম
- ১০। এটা আপনার বাড়ি, আমি ভাবতেই পারিনি। রেখাঙ্কিত পদটি হল —
(গ) নির্দেশক
- ১১। তারা সকলেই আমার নিমন্ত্রিত। ‘তারা’ শব্দটি হল —
(ক) ব্যক্তিবাচক
- ১২। তিনি স্বয়ং দেবদূতের মতো যেন নেমে এসে দাঁড়ালেন — ‘স্বয়ং’ শব্দটি হল —
(খ) আত্মবাচক
- ১৩। যিনি প্রকৃত জ্ঞানী তিনি অহংকার করেন না। ‘যিনি-তিনি’ শব্দ দুটি হল —
(ঘ) সম্বন্ধসূচক
- ১৪। কে তোমার সঙ্গে এমন ব্যবহার করল? রেখাঙ্কিত পদটি হল —
(খ) প্রশ্নসূচক
- ১৫। চিন্তা করোনা, আমরা সবাই তোমার সঙ্গে আছি। ‘সবাই’ শব্দটি হল —
(ক) সাকল্যবাচক